

হল না লো, হল না, সই, হায়—
মরমে মরমে লুকানো রহিল, বলা হল না ।
বলি বলি বলি তারে কত মনে করিনু—
হল না লো, হল না সই ॥
না কিছু কহিল, চাহিয়া রহিল,
গেল সে চলিয়া, আর সে ফিরিল না ।
ফিরাব ফিরাব ব'লে কত মনে করিনু—
হল না লো, হল না সই ॥

Parjaay: Prem, Taal: Tritaal, Style: Mishra-Hameer-Kirtan
Visit www.geetabitan.com for notation and other detail